# ঠাকুরগাঁওয়ের ভোট বিএনপির পক্ষে নেওয়ার চেষ্টা চলছে: পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচনের ফল বিএনপির পক্ষে নেওয়ার চেষ্টা চলছে বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) বিকেলে রাজধানীতে গণমাধ্যমের সঙ্গে আলাপকালে তিনি বলেন, ভোটারদের কেন্দ্রে যেতে বাধা দেওয়া হয়েছে। প্রশাসনের পক্ষপাতিত্বের পাশাপাশি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

ঠাকুরগাঁও-১ (সদর, রুহিয়া ও ভূল্লী) আসনে সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ভোটগ্রহণ চলে। নির্বাচনে নিরাপত্তার দায়িত্বে ছিলেন ২১ প্লাটুন বিজিবি, ২ হাজার ২৭২ জন পুলিশ সদস্য এবং ২ হাজার ৪০৫ জন আনসার সদস্য। এ ছাড়া দায়িত্ব পালন করেন নির্বাচন অনুসন্ধান কমিটি, বিচারিক ও নির্বাহী ম্যাজিস্ট্রেটরা। চার বিদেশি পর্যবেক্ষকসহ ১৭৭ জন দেশি পর্যবেক্ষকের নির্বাচনী কার্যক্রম পর্যবেক্ষণের কথা ছিল।

এই আসনে মোট ভোটার ৫ লাখ ১৬ হাজার ১৩৮ জন। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে এখান থেকে সংসদ সদস্য নির্বাচিত হয়েছিলেন মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি রাষ্ট্রপতি হিসেবে শপথ নেওয়ার পর আসনটি শূন্য ঘোষণা করা হয়। পরে ১০ সেপ্টেম্বর উপনির্বাচনের তফসিল ঘোষণা করে নির্বাচন কমিশন।

উপনির্বাচনে পাঁচজন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। বিএনপির প্রার্থী জেলা বিএনপির সভাপতি মির্জা ফয়সল আমীন, যিনি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ভাই। তাঁর প্রতীক ধানের শীষ। জামায়াতের প্রার্থী দেলাওয়ার হোসেনের প্রতীক দাঁড়িপাল্লা। তিনি দলটির কেন্দ্রীয় মজলিসে শুরার সদস্য ও ঢাকা মহানগর দক্ষিণের সহকারী সেক্রেটারি। অন্য প্রার্থীরা হলেন ইসলামী আন্দোলন বাংলাদেশের খাদেমুল ইসলাম (হাতপাখা), বাংলাদেশ খেলাফত আন্দোলনের আব্দুল আলীম নিজামী (বটগাছ) এবং বাংলাদেশ কংগ্রেসের হুসাইন মুহাম্মদ ওমর ফারুক (ডাব)।